



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

অধ্যক্ষের কার্যালয়



সরকারি হাজী মুহাম্মদ মহসিন কলেজ, চট্টগ্রাম

স্থাপনকাল: ১৮৭৪ খ্রি.

তারিখ: ২০ ডিসেম্বর ২০২৩ খ্রি.

২০২২-২০২৩ অর্থবছরে জেলা পরিষদ, চট্টগ্রাম কর্তৃক শিক্ষাবৃত্তি প্রদানের বিজ্ঞপ্তি

চট্টগ্রাম জেলা পরিষদ কর্তৃক ২০২২-২০২৩ অর্থ বছরে চট্টগ্রাম জেলার স্থায়ী অধিবাসী (চট্টগ্রাম সিটি কর্পোরেশন/পৌরসভা এলাকা ব্যতিত) দরিদ্র ও অসহায় শিক্ষার্থী যারা ২০২২ সালে এসএসসি/এইচএসসি/ডিগ্রি/ অনার্স পরীক্ষায় কৃতিত্বের সাথে উত্তীর্ণ হয়েছে তাদেরকে নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে এককালীন শিক্ষাবৃত্তি প্রদানের লক্ষ্যে জেলা পরিষদের নির্ধারিত ফরমে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে। আগামী ২০ ফেব্রুয়ারি ২০২৪ খ্রি. হতে ২৭ ফেব্রুয়ারি ২০২৪ খ্রি. এর মধ্যে আবেদনসহ সংশ্লিষ্ট কাগজপত্র কলেজ অফিসে জমা দিতে হবে।

শর্তাবলি:

- ১। আবেদনকারীকে অবশ্যই চট্টগ্রাম জেলার স্থায়ী বাসিন্দা এবং অধ্যয়নরত নিয়মিত শিক্ষার্থী হতে হবে।
 - ২। আবেদনকারী শিক্ষার্থীকে ২০২২ সালে অনুষ্ঠিত এসএসসি/এইচএসসি/সমমানের পরীক্ষায় ন্যূনতম অতিরিক্ত বিষয় ব্যতিত জিপিএ-৫.০০ এবং ডিগ্রি/ অনার্স পরীক্ষায় ৪.০০ এর মধ্যে ন্যূনতম ৩.৫০ প্রাপ্ত হতে হবে। ২০২২ সালের পূর্বে বা পরে যারা উল্লিখিত পরীক্ষায় উত্তীর্ণ হয়েছে তাদের আবেদন বিবেচনা করা হবে না।
 - ৩। আবেদনপত্রের সাথে মূল মার্কশিটের সত্যায়িত ফটোকপি, সম্প্রতি তোলা ১ কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবি, স্ব স্ব শিক্ষা প্রতিষ্ঠান প্রধান কর্তৃক সুপারিশ ও প্রত্যয়নপত্র, ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান কর্তৃক নাগরিকত্ব সনদের মূলকপি এবং অভিভাবকের আয়ের উৎস ও বার্ষিক আয় বিষয়ক প্রত্যয়নপত্র অবশ্যই সংযুক্ত করতে হবে। আবেদনপত্র স্বহস্তে পূরণ করতে হবে। আবেদনকারী কর্তৃক কোন ভুল বা মিথ্যা তথ্য উপস্থাপন করা হলে শিক্ষাবৃত্তি বাতিলসহ তার বিরুদ্ধে প্রয়োজনীয় আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।
- আবেদনপত্রের নমুনা ফরম www.zpchattogram.org ওয়েবসাইট হতে সংগ্রহ করা যাবে।


২০/১২/২৩

(প্রফেসর মোহাম্মদ কামরুল ইসলাম)

আই.ডি. নম্বর: ২৮৪২

অধ্যক্ষ

সরকারি হাজী মুহাম্মদ মহসিন কলেজ, চট্টগ্রাম



জেলা পরিষদ
চট্টগ্রাম
www.zpchittagong.org

সত্যায়িত
ছবি

শুধুমাত্র অস্বচ্ছল মেধাবী ছাত্র-ছাত্রীদের এককালীন
বৃত্তির আবেদন ফরম : ২০২২-২০২৩ অর্থবছর

- ১। ছাত্র / ছাত্রীর নাম :
 - ২। পিতা / মাতা / স্বামীর নাম ও স্থায়ী ঠিকানা :
 - সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান :
 - হতে জাতীয়তা সনদপত্রসহ) :
 - ৩। বর্তমান ঠিকানা :
 - ৪। অভিভাবকের নাম : সম্পর্ক
 - ৫। অভিভাবকের পেশা : বাৎসরিক আয়
 - ৬। অধ্যয়নরত শিক্ষা প্রতিষ্ঠানের নাম :
 - ৭। অধ্যয়নরত শ্রেণীর নাম : শিক্ষাবর্ষ
 - ৮। অধ্যয়নরত শ্রেণীতে ভর্তির তারিখ :
 - ৯। রোল নম্বর : মোবাইল নং
 - ১০। বিশ্ববিদ্যালয়ের ক্ষেত্রে হলের নাম ও বিভাগ :
 - ১১। সর্বশেষ পাবলিক পরীক্ষায় প্রাপ্ত জিপিএ :
- (মার্কশীটের সত্যায়িত কপি সংযুক্ত করতে হবে)

.....
ছাত্র/ছাত্রীর স্বাক্ষর
তারিখ :

উপরে প্রদত্ত তথ্যাবলী সঠিক এবং আবেদনকারী এ প্রতিষ্ঠানের একজন নিয়মিত ছাত্র/ছাত্রী।

.....
শিক্ষা প্রতিষ্ঠান প্রধান/বিভাগীয় প্রধানের সীলসহ স্বাক্ষর
তারিখ :

বিঃ দ্রঃ ২, ৫ ও ১১ নম্বরে বর্ণিত বিষয়াদির সনদপত্র অবশ্যই সংযুক্ত করতে হবে। অসম্পূর্ণ দরখাস্ত বাতিল মর্মে গণ্য হবে।